গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০ ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

পত্র নং-২(২৩)-জনপ্রশাঃ/সদর/০২/২০১৫/ তারিখ ঃ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র সংখ্যা-০৮.০০.০০০০.০৩৮.১১.০৫৪.২০১২.১০৯, তারিখঃ ০২ মার্চ, ২০১৫ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ), ঢাকা- এর নিম্নে উল্লিখিত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে ডাকযোগে আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | কম্পিউটার অপারেটর<br>৬৪০০-১৪২৫৫/- | ০১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রী, বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার । ২ বছরের ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে বিভাগীয় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য ।<br>(খ) অবশ্যই অপারেটরস অ্যাপ্‌টিটিউড টেষ্ট এ উত্তীর্ণ হতে হবে । | ▪ ঢাকা, মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন । |
| ২. | উচ্চমান সহকারী<br>৫২০০-১১২৩৫/- | ০৬ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশ অথবা সমমানের ডিগ্রী । | |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>৪৭০০-৯৭৪৫/- | ১৭ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) Word Processing/ Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ । | ▪ মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা,মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন । |
| ৪. | ডাটা এন্ট্রি অপারেটর<br>৪৭০০-৯৭৪৫/- | ০১ টি | (ক) এইচ.এস.সি পাস । বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার ।<br>(খ) অ্যাপ্‌টিটিউড টেস্ট এ ডাটা এন্ট্রিতে উত্তীর্ণ হতে হবে । | |
| ৫. | গাড়ীচালক<br>৪৭০০-৯৭৪৫/- | ০৭ টি | (ক) ৮ম শ্রেণী পাশ ।<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের গাড়ীচালানোর বাস্তব অভিজ্ঞতা । | |
| ৬. | সিপাই<br>৪৫০০-৯০৯৫/- | ২৯ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশ ।<br>(খ) উচ্চতা পুরুষ ৫′-৪″, মহিলা ৫′-২″, বুকের মাপ ৩০″-৩২″ উভয় ক্ষেত্রে । | |
| ৭. | অফিস সহায়ক<br>৪১০০-৭৭৪০/- | ০৪ টি | (ক) ৮ম শ্রেণী পাশ । | |
| ৮. | নৈশ প্রহরী<br>৪১০০-৭৭৪০/- | ০২ টি | (ক) ৮ম শ্রেণী পাশ । | |

০২ । নিম্নে উল্লিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র রেজিস্টার্ড ডাকযোগে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ১৬০/এ, আইডিইবি ভবন(৪র্থ তলা ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর আগামী ০৭.০৭.২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে । সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

২.১. বিবরণ ঃ আবেদনপত্রে (স্পষ্টাক্ষরে) (ক) নাম(বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) ০১ জুন, ২০১৫ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, প্রাপ্ত জিপিএ/বিভাগ/শ্রেণী উল্লেখসহ) (ট) নিজ জেলা (প্রমাণক হিসেবে জন্ম নিবন্ধনে উল্লিখিত স্থায়ী ঠিকানা) (ঠ) বৈবাহিক অবস্থা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) কোন বিশেষ কোটায় আবেদন করলে তার নাম ইত্যাদি উল্লেখ করে নিজ হস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে ।

২.২ আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয় )

(খ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি;

(ঘ) নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) ;

(ঙ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;

(চ) ক্রমিক নং-০৫ এ বর্ণিত গাড়িচালক পদের জন্য ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত স্পষ্ট ফটোকপি ;

(ছ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ;

(জ) মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি(চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই করা হবে) ;

(ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে "প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা" এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি;

(ঞ) এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি;

(ট) আবেদনপত্রের খামের উপরের পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম, বর্তমান ঠিকানা উল্লেখ করে ১০.০০ (দশ) টাকা মূল্য মানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট আলাদা একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।

(ঠ) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ), ঢাকা এর অনুকূলে ১/১১৩৩/০০১০/২৬৮১ কোড নম্বরে ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নং-০৭ ও ০৮ এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা (অফেরৎযোগ্য) ট্রেজারী চালানের (সোনালী ব্যাংকের) মূলকপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

৩. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৪. ক্রমিক নং-০১ হতে ০৮ পর্যন্ত উল্লিখিত পদসমূহে ঢাকা, মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে মুক্তিযোদ্ধা,মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং এতিম ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের যে কোন জেলা থেকে আবেদন করতে পারবেন।

৫. সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬. ০১ জুন ২০১৫ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের বয়সীমা ১৮-৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রযোজ্য ক্ষেত্রে ভোটার আইডি কার্ড এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৭. সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, সরকারী/বে-সরকারী এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

৮. দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।

৯. অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১০. আবেদনের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (প্রথম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা) স্বাক্ষরের নীচে তারিখ, নামসহ সীল না থাকলে কিংবা সীলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম, পদবী পাঠযোগ্য না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী) পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে পত্র দ্বারা জানানো হবে।

১২. প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩. লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৪. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চুড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করতে হবে।

১৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. আবেদন পত্রের উপর কোন সুপারিশ গ্রহণ বা যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

কমিশনার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(দক্ষিণ), ঢাকা।